দৈনিক বাংলা

তারিখ ... 26.5.85 ...
পৃষ্ঠা ... 5 কলাম ... 1 ...

0 047

# ডিগ্রী পরীক্ষার তারিখ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএ ডিগ্রী পরীক্ষা শুরু হচ্ছে ১৬ই আগস্ট। এ নিয়ে ইতিমধ্যে চিঠিপত্র লেখা শুরু হয়েছে। কেউ কেউ লিখেছেন পরীক্ষার তারিখ পিছিয়ে দেয়ার জন্য। এদের দাবী হচ্ছে পরীক্ষা আগস্টের পরিবর্তে নবেম্বরে অনুষ্ঠিত হোক। এরা দাবী করেছে ১৯৮৩ সালের মধ্য ফেব্রুয়ারী এবং ২৮শে নবেম্বরের গোলযোগে শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ ছিল। ফলে লেখাপড়া হয়নি। পাঠ্যক্রম শেষ হয়নি। সুতরাং আগস্টে পরীক্ষার প্রস্তুতি নিতে তাদের অসুবিধা হবে। তাই পরীক্ষার তারিখ পিছিয়ে দেয়া হোক।

ভিন্ন মত পোষণ করে আবার চিঠি লিখেছেন অনেকে। এদের মতে, ১৯৮৩ সালের গোলযোগে পড়াশুনার তেমন কোন ব্যাঘাত হয়নি। তাই নির্ধারিত সময়েই পরীক্ষা অনুষ্ঠিত হোক। নইলে আবার ভিন্ন অসুবিধা দেখা দিতে পারে।

আমাদের মনে হয় দীর্ঘদিন ধরে পরীক্ষার তারিখ পিছিয়ে পিছিয়ে অসংখ্য ভিন্ন অসুবিধা সৃষ্টি করা হয়েছে। মুষ্টিমেয় কতিপয় ছাত্রছাত্রীদের হৈচৈ-এর ফলে বার বার পরীক্ষার তারিখ পিছানো হচ্ছে। পরীক্ষার তারিখ পিছাবার যৌক্তিক কোন কারণ নেই। আমাদের মত তৃতীয় বিশ্বের দেশে নির্ভেজাল শান্তিপূর্ণ পরিবেশ আজ অকল্পনীয়। এছাড়া রয়েছে প্রাকৃতিক দুর্যোগের প্রশ্ন। তাই যতদূর সম্ভব সময়মত পরীক্ষা নেয়াই বাঞ্ছনীয়।

অপরদিকে পরীক্ষার তারিখ পিছানো হলে গরীব ছাত্রছাত্রীরা অসুবিধায় পড়ে। ছাত্রাবাসে অসুবিধা দেখা দেয়। পরীক্ষার ফল প্রকাশে বিলম্ব হয়। অনেকের সরকারী চাকরির বয়স পার হয়ে যায়। একটি পরীক্ষা পিছাতে গেলে অন্যান্য পরীক্ষাও পিছাতে হয়।

সুতরাং আমাদের আবেদন, ডিগ্রী পরীক্ষার তারিখ যেন পাল্টান না হয়।